রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, জানুয়ারি ২৬, ২০২৬**

**[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ/ ১৪ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ১৮-আইন/২০২৬।**—জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি আইন, ২০২৪ (২০২৪ সনের ১০ নং আইন) এর ধারা ১৭ এ প্রদত্ত ক্ষমতাবলে, একাডেমি, সরকারের অনুমোদনক্রমে, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২৩ নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরিউক্ত প্রবিধানমালার–

(ক) তফসিল অংশে উল্লিখিত "তফসিল" শব্দটির পরিবর্তে "তফসিল-১" শব্দ, চিহ্ন ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে;

(খ) তফসিল-১ এর ক্রমিক নং ২২ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ২২ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

| | | | | |
|---|---|---|---|---|
| "২২। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩২ বৎসর | শতকরা ২৫ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৭৫ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে**<br>(ক) ফটোকপি অপারেটর পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি; অথবা<br>(খ) ফটোকপি অপারেটর ও অফিস সহায়ক উভয় পদে সম্মিলিতভাবে অন্যূন ৯ (নয়) বৎসরের চাকরি; অথবা |


**মূল্য : টাকা ৪.০০**

(গ) অফিস সহায়ক পদে অন্যূন ৯ (নয়) বৎসরের চাকরি; এবং

(ঘ) তফসিল-৩ এ উল্লিখিত পরীক্ষায় উত্তীর্ণ।

**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**

(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং

(খ) তফসিল-২ ও ৩ এ উল্লিখিত পরীক্ষায় উত্তীর্ণ।";

(গ) তফসিল-১ এর পর নিম্নরূপ তফসিল-২ ও তফসিল-৩ সংযোজিত হইবে, যথা :—

**"তফসিল-২**

অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২৫ | ৫০% | ৯০ মিনিট |
| | ২। ইংরেজি | ২৫ | | |
| | ৩। গণিত | ২০ | | |
| | ৪। সাধারণ জ্ঞান/প্রাসঙ্গিক টেকনিক্যাল | ২০ | | |
| | মোট | ৯০ | | |
| মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| | সর্বমোট | ১০০ | | |

**ব্যাখ্যা।**—লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

**তফসিল-৩**

অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য প্রার্থীদের কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার বিষয়, সময়, গতি, নম্বর, ইত্যাদি

| পরীক্ষার বিষয় | পরীক্ষার সময় | সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর |
|---|---|---|---|---|---|
| ইংরেজি | ১০ মিনিট | ২০ শব্দ | ৫০ | ৪০% | ৫০% |
| বাংলা | ১০ মিনিট | ২০ শব্দ | ৫০ | ৪০% | |

**ব্যাখ্যা**।−(১) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ) টি স্ট্রোক একটি শব্দ হিসেবে গণ্য হইবে।

(২) ৫ (পাঁচ) শতাংশ এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জিত হয় নাই বলিয়া গণ্য হইবে।

(৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর শতকরা ৪০ (চল্লিশ) হিসাবে গণ্য করা হইবে।"।

একাডেমির আদেশক্রমে

**আবু তাহের মোঃ মাসুদ রানা**
সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd